

ফ্রী টু এয়ার (Free to Air)

পার্ট ১/৪

ফ্রীডম অভ স্পীচ (বাক্-স্বাধীনতা)

চার বছর ধরে লন্ডন জুড়ে প্রদর্শনী ও অনুষ্ঠান হয়ে চলেছে। *ফ্রী টু এয়ার* তাদের শুরু হিসাবে রুজভেন্ট-এর নামকরা 'চারটি স্বাধীনতার' বক্তৃতাকে নিয়েছে - বাক্-স্বাধীনতা, ধর্মীয় স্বাধীনতা, দারিদ্রের থেকে স্বাধীনতা, ও ভীতির থেকে স্বাধীনতা - এবং এটা বর্তমান সমাজে 'স্বাধীনতা' কথাটার বিবিধ মানেগুলির প্রাসঙ্গিকতা বিচার করে দেখার চেষ্টা করবে।

প্রতি বছর, লন্ডন-এর দু'টি জায়গায় প্রদর্শণীর মাধ্যমে একটা বড় রকমের নতুন কমিশন পেশ করা হবে। সেই একই সাথে, লন্ডন-এর বারাগুলি জুড়ে সিনেমা, অনুষ্ঠান ও ওয়ার্কশপের একটা কার্যক্রম করা হবে।

বাক্-স্বাধীনতা ও মনের ভাব প্রকাশের স্বাধীনতাকে *ফ্রী টু এয়ার* ২০০৯ তাদের লক্ষ্যের কেন্দ্র করেছে এবং এর উদ্দেশ্য হচ্ছে এই স্বাধীনতাগুলি কিভাবে বিশ্বের উচ্চাশা হিসাবে দেখা হয়েছে, কিভাবে তা সকলকে দেওয়া হয়েছে ও সকলে তা পেয়েছে, এবং এগুলি কিভাবে লোকের বক্তব্য শোনার সুযোগের ওপর নির্ভর করে তা বিচার করে দেখা।

এই বছরের কার্যক্রমে, ১৯৮ কন্টেম্পোরারী আর্টস এ্যান্ড লার্নিং (198 Contemporary Arts & Learning) এবং এ ফাউন্ডেশন-এ (A Foundation), সুকি চ্যান-এর একটা বড় চলমান ছবির কাজ দেখানো হবে, যেখানে, শিল্পীরা কিভাবে মনের ভাব প্রকাশ করার স্বাধীনতাকে দেখানোর জন্য ফিল্মের মাধ্যমে ব্যবহার করেছে তার বিভিন্ন উদাহরণ দেখানো হয়েছে। এর সাথে থাকবে ফিল্ম ও ভিডিওর ওয়ার্কশপ, শিল্পীদের দেওয়া বক্তৃতা এবং লন্ডন-এ বসবাসকারী ও কর্মরত দু'জন উদয়মান শিল্পীকে জ্ঞান ও বিশ্বস্ততার সাথে পরামর্শ দেওয়ার একটা কার্যক্রম।

ফ্রী টু এয়ার নামের একটা ফিল্ম ও ভিডিওর ছত্রছায়া প্রকল্পের অর্থ তহবিল লন্ডন-এর কাউন্সিলগুলি দিয়েছে এবং এটা, এ ফাউন্ডেশন ও ১৯৮ কন্টেম্পোরারী আর্টস এ্যান্ড লার্নিং-এর সহযোগিতায় প্রদর্শন করা হচ্ছে।

প্রদর্শনী

সুকি চ্যান স্লীপ ওয়াক, স্লীপ টক (Suki Chan Sleep Walk, Sleep Talk)

এ ফাউন্ডেশন, লন্ডন (বাইরে দেখানো হবে)

বৃহস্পতিবার ১০ই - শনিবার ১২ই সেপ্টেম্বর ২০০৯ তারিখ পর্যন্ত

১৯৮ কন্টেম্পোরারী আর্টস এ্যান্ড লার্নিং (দু'টি পর্দায় দেখানো হবে)

সোমবার ১৪ই সেপ্টেম্বর - ১৯শে অক্টোবর ২০০৯ তারিখ পর্যন্ত

একটা আলো বিক্রমিক ও তাড়াহুড়া করা কমিউটারদের লন্ডন, যেখানে গাড়ি ও রেলগাড়ি তাদের রাত্রির চলাফেরার দাগ হিসাবে ঝলমলে ধূমকেতুর রেশ রেখে যায়, এবং যেখানে ব্যক্তিবিশেষরা এই বড় শহরে তাদের স্বাধীনতার কথা ভাবে, অথবা তাদের বারবার করার অভ্যাসগুলি ও সেগুলির জন্য থাকা ব্যয়তামূলক অবস্থার থেকে মুক্তি খোঁজে। বর্তমান

সমাজে মনভাব প্রকাশের স্বাধীনতার ধারণার থেকে প্রেরণা নিয়ে, সুকি চ্যান-এর নতুন ভিডিওতে লন্ডন-এর বৈচিত্র্যময় জনসাধারণের সম্বন্ধে একটা বিবরণ বর্জিত মোটামুটি ভাব প্রকাশ করা হয়েছে। স্থাপত্যের জন্য ও শহরের জীবনের আরোপণ করা সীমাবদ্ধতার বাইরে আমরা কিভাবে নিজের ব্যক্তিগত ও মানসিক জায়গা তৈরী করে নিই তা পরীক্ষা করে দেখার উদ্দেশ্য - জীবনের রাত্রিতে যারা স্কেট করে, মধ্যস্থতা করে ও সুরক্ষাকারী রক্ষীদের দলগুলিকে নিয়ে - লোকে তাদের কাজে যাতায়াত করার সময় যেরকম ভাবে চলাফেরা করে তার সাথে তাদের অবসর সময় উপভোগ করার চেষ্টার তফাৎগুলি চ্যান দেখিয়েছেন।

ফ্রী টু এয়ার সম্বন্ধে আরও তথ্যের জন্য দয়া করে নিচের ঠিকানা বা টেলিফোন নম্বরে যোগাযোগ করবেন:

Film and Video Umbrella

8 Vine Yard London SE1 1QL

টেলিফোন: 020 7407 7755

fta@fvu.co.uk

www.fvu.co.uk